# এনসিপির পদযাত্রায় হামলা, আহত সারজিস-পাটওয়ারী



ছবি: সংগৃহীত


হবিগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) জুলাই পদযাত্রায় হামলার অভিযোগ উঠেছে। দলটির দাবি, স্থানীয় বিএনপির নেতাকর্মীরা এ হামলা চালিয়েছেন।

মঙ্গলবার (২৮ জুলাই) বিকেলে জেলা শহরের সার্কিট হাউজ এলাকায় এ ঘটনায় এনসিপির অন্তত ১০ নেতাকর্মী আহত হয়েছেন। এ সময় কয়েকটি সাংবাদিকের গাড়িও ভাঙচুর করা হয় বলে অভিযোগ করা হয়েছে।

এনসিপির যুগ্ম সদস্যসচিব সালেহ উদ্দিন সিফাত বলেন, জুলাই পদযাত্রাকে কেন্দ্র করে দলের মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী ও উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলমের গাড়িবহরে স্থানীয় বিএনপির নেতাকর্মীরা অতর্কিত হামলা চালান। হামলায় এনসিপির নেতাকর্মী ও সাংবাদিকরা আহত হন।

সালেহ উদ্দিন সিফাতের দাবি, হামলায় সারজিস আলম ও নাসীরুদ্দীন পাটওয়ারীও আহত হয়েছেন। পরে তাদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।

এনসিপির পক্ষ থেকে আরও অভিযোগ করা হয়েছে, হামলাকারীরা দলের মিডিয়া টিমের একটি মাইক্রোবাস সার্কিট হাউজের ভেতরে নিয়ে গিয়ে ভাঙচুর করেন। এ সময় গাড়িতে থাকা মোবাইল ফোন ও ক্যামেরা নিয়ে যাওয়া হয়েছে বলেও দাবি করা হয়। এ ঘটনার একটি ভিডিও তাদের কাছে রয়েছে বলে জানান এনসিপির এই নেতা।



Saleh Uddin Sifat
33m ·

হবিগঞ্জে জুলাই পদযাত্রায় নাসীরুদ্দীন পাটওয়ারী ও সারজিস আলমের গাড়ি বহরে স্থানীয় বিএনপির নেতাকর্মীদের অতর্কিত হামলা। সাংবাদিক ও এনসিপি নেতাকর্মীরা আহত। পুলিশের উপস্থিতিতে এই হামলা হয়েছে।

এনসিপির মিডিয়া টিমের মাইক্রোবাসটিকে হবিগঞ্জ জেলা সার্কিট হাউজের ভেতরে নিয়ে হামলা করেছে সন্ত্রাসীরা। রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ভেতর ঢুকায়ে এমন ন্যাক্করজনক কাণ্ড ঘটিয়েছে তারা। কেবল মাইক্রোবাস ভেঙ্গেই তারা ক্ষান্ত হয় নাই; মোবাইল এবং ক্যামেরা ডাকাতি করে নিয়ে গেছে।

এর আগে ঝিনাইদহে এমন অতর্কিত হামলা করেছিল স্থানীয় ছাত্রদল। পরে আহতদের বিরুদ্ধেই মামলা করা হয় এবং পুলিশ এনসিপি নেতাকর্মীদেরই গ্রেফতার করে। আদালত জামিন দিতে গড়িমসি করে।

গাড়ি ভাংচুরের একটা ভিডিও আমাদের কাছে এসেছে। এটা কমেন্টে দিচ্ছি। See less

তবে এনসিপির তোলা এসব অভিযোগের বিষয়ে বিএনপির স্থানীয় নেতাদের বক্তব্য পাওয়া যায়নি। একইভাবে ঘটনার বিষয়ে আইনশৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকেও তাৎক্ষণিক কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি।